

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রতিরক্ষা মন্ত্রণালয়  
গণভবন কমপ্লেক্স  
শেরেবাংলা নগর, ঢাকা  
www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.১৪০.১৯.০৭১.১৬

তারিখ: ১৫ পৌষ ১৪২৩/ ২৯ ডিসেম্বর ২০১৬

রাশিয়ার মস্কোতে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের প্রতিরক্ষা শাখায় এনসিও (স্টেনো) হিসেবে কর্মরত নং-২৬০১৫৭৯ সার্জেন্ট (স্টেনো) মোহাম্মদ উল্যা, এসিসি-এর চাকুরির মেয়াদ আগামী ২৬ এপ্রিল ২০১৭ তারিখে শেষ হবে। এ কারণে তাঁকে স্বদেশ প্রত্যাবর্তনপূর্বক তাঁর স্থলে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে কর্মরত নং-৪০৩৯০১১ সার্জেন্ট (স্টেনো) মোঃ ইমাম হাসানুজ্জামান, এসিসি-কে নিম্ন লিখিত শর্তে নির্দেশক্রমে নিয়োগ প্রদান করা হল:

- (ক) তিনি বেতন-ভাতাদি, বৈদেশিক ভাতা, চিকিৎসা সুবিধা, বাসস্থান, যাতায়াত এবং ব্যক্তিগত মালামাল পরিবহন ও আনুষঙ্গিক খরচ প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রাপ্য হবেন;
- (খ) এ বদলি সংক্রান্ত ব্যয় প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২০১৬-২০১৭ অর্থ বৎসরের “প্রতিষ্ঠান কোড-১৯৩৫ আন্তঃবাহিনীসমূহ পরিচালনা কোড-০০৯০, প্রতিরক্ষা অ্যাটাচী খাত” থেকে নির্বাহ করা হবে;
- (গ) আউটফিট ও বদলী মঞ্জুরি বাংলাদেশ সেনাবাহিনীর চলতি বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে প্রাপ্য হবেন;
- (ঘ) বিদেশে চাকরিকালে বাংলাদেশ সেনাবাহিনীতে তাঁর চাকরিস্বত্ব বহাল থাকবে;
- (ঙ) কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে কোনরূপ অগ্রিম গ্রহণ করলে ভ্রমণ শেষে বিলের মাধ্যমে সমন্বয় করতে হবে; এবং
- (চ) কর্মরত নং-৪০৩৯০১১ সার্জেন্ট (স্টেনো) মোঃ ইমাম হাসানুজ্জামান, এসিসি সপরিবারে (স্ত্রী-সাজেদা হোসেন) রাশিয়ার মস্কো গমন করতে পারবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

শাহ্নাজ রব

যুগ্মসচিব

ফোন: ৯১৪৪২৪৮

নম্বর ২৩.০০.০০০০.১৪০.১৯.০৭১.১৬, ৩৫৬


তারিখ: ১৫ পৌষ ১৪২৩/ ২৯ ডিসেম্বর ২০১৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়/পিএসও, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৪। মহাপরিচালক, সদরদপ্তর প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৫। সেনাবাহিনী সদরদপ্তর, এজি শাখা, (পিএ পরিদপ্তর) ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৬। সিজিডিএফ, সিজিডিএফ-এর কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ৭। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৮। প্রতিরক্ষা উপদেষ্টা, প্রতিরক্ষা শাখা, বাংলাদেশ দূতাবাস, মস্কো, রাশিয়া।
- ৯। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, বা/এ, ঢাকা।
- ১০। সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

- ১১। এসএফসি (সেনা), ঢাকা সেনানিবাস, ঢাকা
- ১২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।  
পরবর্তী বাংলাদেশ গেজেট প্রকাশের অনুরোধসহ।
- ১৩। কর্মরত নং-২৬০১৫৭৯ সার্জেন্ট (স্টেনো) মোহাম্মদ উল্যা, এসিসি, প্রতিরক্ষা শাখা, বাংলাদেশ দূতাবাস, মস্কো, রাশিয়া।
- ১৪। কর্মরত নং-৪০৩৯০১১ সার্জেন্ট (স্টেনো) মোঃ ইমাম হাসানুজ্জামান, এসিসি, সদরদপ্তর প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।

✓ ২০১৬ সিস্টেম এনালিস্ট, প্রতিরক্ষা সেক্টর, ঢাকা।



শাহিনাজ রব  
যুগ্মসচিব